

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ৫ই কাতিক, ১৪০১/২০শে অক্টোবর ১৯৯৪

এস, আর, ও নং ৩০৬-আইন/৯৪/পৌর-২/গণ-১৩/৯৩—যেহেতু সরকার মাগুরা মিউনিসিপ্যালিটি এলাকার সহিত মাগুরা জেলার সদর থানাধীন নিম্নতফসিলে উল্লেখিত শহর এলাকাসমূহকে অন্তর্ভুক্ত করিয়া মাগুরা মিউনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারণ (extend) করার প্রস্তাব করিয়াছিল;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বনিয়া উল্লেখিত এর rules 3 এর অধীন উক্ত সম্প্রসারণের ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল;

এবং যেহেতু প্রস্তাবিত সম্প্রসারণের ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া সরকার উক্ত Rules এর rule 4(2) এর অধীন উপরিউল্লেখিত এলাকাসমূহকে মাগুরা মিউনিসিপ্যালিটি এলাকায় অন্তর্ভুক্ত করিয়া উহাকে সম্প্রসারণ করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

অতএব, সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর Section 4(b), উপরিউল্লেখিত Rules এর rule 5 এর সহিত পঠিতব্যতে প্রদত্ত ক্ষমতা-

(৪৭৭৫)

মূল্য: টাকা ১.০০

বলে সরকার নিম্ন তফসিলে বণিত এলাকাকে মাগুরা মিউনিসিপ্যালিটি এলাকায় অন্তর্ভুক্ত করিয়া মাগুরা মিউনিসিপ্যালিটি এলাকার সীমানা সম্প্রসারিত করিল :—

**তফসিল**

ক্রমিক নং	ইউনিয়নের নাম	যৌথার নাম	জে, এল, নং	দাগ নং
১	আঠারখাদা	আঠারখাদা	২৬	১—৩০২৯
২	আঠারখাদা	কালাবাশ কেটা	২৭	১—২৭৪০
৩	আঠারখাদা	নান্দুরালী	২৮	১—১৯৫৩
৪	কছুন্দী	পারনান্দুরালী	২৯	১—৭০২৬
৫	কছুন্দী	বরুনাভৈল	৩০	১—২২২৮
৬	কছুন্দী	নক্ষত্রীকান্দুর	৩৩	১—৬২৯
৭	চাউলিয়া	পারলা	৯০	১—২১২০
৮	চাউলিয়া	বুইচিতলা	৯২	১—২০৪
৯	চাউলিয়া	ঘোড়াঘাটা	৯৪	১—৫৮০
১০	জগদল	রায়গ্রাম	১৭৬	১—১৭৫০
১১	জগদল	শিমুলিয়া	১৭৫	১—৪৪৬
১২	জগদল	ভিটাসাইর	৯৫	১—৫৫৫
১৩	মথী	সীতারামপুর	১৭৪	১—৮৯৮

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খালেদুজ্জামান

উপ-সচিব (পৌর)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।